

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 04-02-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Rail -NE:

কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব গতকাল নয়াদিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে বলেছেন, আগামী দুই তিন বছরের মধ্যে সারা দেশের জন্য ৫০টি নমো ভারত ট্রেন এবং ২০০টি বন্দে ভারত ট্রেন নির্মাণ করা হবে। নতুন ট্রেন এবং আধুনিক কোচ এর মাধ্যমে নিম্ন ও মধ্যবিত্ত শ্রেণির জনসাধারণ অনেক লাভবান হবেন। রেলমন্ত্রী জানিয়েছেন এবছর, ভারতীয় রেলের জন্য বাজেটে মোট ২.৬৫ লক্ষ কোটি টাকারও অধিক বরাদ্দ করা হয়েছে। ভারতীয় রেল সারা দেশে দ্রুত, সুরক্ষিত এবং আরামদায়ক রেল ভ্রমণ সম্প্রসারণের জন্য সম্পূর্ণরূপে প্রস্তুত। তিনি উল্লেখ করেন, রেল সুরক্ষার জন্য ১,১৬,০০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। রেল সুরক্ষার জন্য কবচ প্রযুক্তি রূপায়ণ হবে।

রেলমন্ত্রী বলেছেন দেশের কোন রাজ্যের রেল যোগাযোগ ও পরিকাঠামো সম্প্রসারণের কাজে অর্থের কোনো ঘাটতি নেই। রেলমন্ত্রী শ্রী বৈষ্ণব বলেন, আগামী দিনে সারা দেশে সব প্রান্তে, উত্তর-পূর্ব থেকে দক্ষিণ অঞ্চল সর্বত্র বন্দে ভারত ট্রেন চালানো হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অভিপ্রায় ব্যক্ত করে তিনি বলেন, বন্দে ভারত ট্রেনের সুবিধা দেশের সব প্রান্তের জনগণ যাতে পান, এজন্য উদ্যোগ নেওয়া হয়েছে।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে যোগাযোগ সম্প্রসারণের অগ্রগতি সম্পর্কে তিনি জানান যে, এবারের বাজেটে এই অঞ্চলের জন্য ১০,৪৪০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

তিনি জানান, ভৌগোলিকভাবে কঠিন অঞ্চলে অবস্থিত হওয়া সত্ত্বেও, উত্তর পূর্বের রাজ্যগুলিতে রেল পথ পরিকাঠামো উন্নয়নের প্রকল্প দ্রুত বাস্তবায়নের জন্য ২৪x৭ অর্থাৎ দিন রাত ২৪ ঘন্টা ভিত্তিতে কাজ হচ্ছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে জানিয়েছে, অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে এই অঞ্চলের ৯২টি স্টেশনকে উন্নত করা হবে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের অধীনের সমস্ত ট্র্যাকের বিদ্যুতায়নের কাজ ডিসেম্বর ২০২৫-এর মধ্যে সম্পন্ন হবে।

Home Minister Offer :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামীকাল ভার্চুয়ালি আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে নিয়োগপত্র বিতরণ করবেন। অনুষ্ঠানে স্বাস্থ্য দপ্তরে ফার্মাসিস্ট, ল্যাব টেকনেশিয়ান এবং রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে জেআরবিটি কর্তৃক মাল্টি টাস্কিং স্টাফ পদে মনোনীত প্রার্থীদের মধ্যেই তিনি নিয়োগপত্র বিতরণ করবেন। রাজ্য সরকারের সাধারণ প্রশাসন দপ্তরের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে সংশ্লিষ্ট পদে মনোনীত প্রার্থীদের নিজস্ব মূল ডকুমেন্ট, সচিত্র পরিচয়পত্র এবং নিয়োগ সংক্রান্ত পরীক্ষার মূল অ্যাডমিট কার্ড নিয়ে ঐদিন দুপুর ১২টা ৩০ মিনিটের মধ্যে স্বামী বিবেকানন্দ ময়দানে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়েছে।

অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ও তাঁর মন্ত্রীসভার সদস্যগণ।

Mahakumbh :

প্রয়াগরাজের মহাকুম্ভে বসন্ত পঞ্চমী উপলক্ষে গতকাল ২ কোটি ৩৩ লক্ষেরও বেশি ভক্ত সঙ্গমে পবিত্র স্নান করেছেন। অমৃতস্নান হল মহা কুম্ভ মেলার সবচেয়ে তাৎপর্যপূর্ণ এবং পবিত্র আচার। গতকাল গঙ্গা আরতিতেও বিপুল সংখ্যক মানুষ অংশগ্রহণ করেন।

প্রথম দুটি অমৃতস্নান ১৪ই জানুয়ারী, মকর সংক্রান্তি এবং ২৯শে জানুয়ারী মৌনী অমাবস্যাতে হয়েছিল। বিশ্বের বৃহত্তম ধর্মীয় সমাবেশ হিসাবে স্বীকৃত, মহা কুস্ত মেলায় এপর্যন্ত ৩৬ কোটির বেশি ভক্ত পূণ্যস্নান করেছেন।

100 Days Stop TB :

কেন্দ্রীয় সরকার ২০২৫ সালের মধ্যে টিবি মুক্ত ভারত গড়ার সংকল্প গ্রহণ করেছে। তার অঙ্গ হিসেবে সিপাহীজলা জেলার সোনামুড়াতেও চলছে যক্ষ্মা নির্মূলীকরন ১০০ দিনের প্রচার কর্মসূচি। টিবি রোগীদের সনাক্তকরণ ও দ্রুত চিকিৎসার ব্যবস্থা করার ক্ষেত্রে নানা পদক্ষেপ গ্রহণ করেছে সোনামুড়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্র। বিভিন্ন গ্রামীণ এলাকায় চলছে TB স্ক্রিনিং। সোনামুড়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের ইনচার্জ ডক্টর পার্থপ্রতিম দাস জানিয়েছেন গ্রামে গ্রামে আয়ুস্মান আরোগ্য মন্দিরগুলিতে বিশেষ স্বাস্থ্য শিবিরের পাশাপাশি বাড়ি বাড়ি ও অভিযান চলছে।

Assam Rifles:

শুল্ক বিভাগের সঙ্গে যৌথ অভিযানে আসাম রাইফেলস রাজধানীর নাগিছড়া থেকে ৬ হাজার ৯০০ বোতল নিষিদ্ধ এসকাফ সিরাফ উদ্ধার করেছে। উদ্ধার নেশাদ্রব্যের মূল্য প্রায় ৪০ লক্ষ টাকা। নেশাদ্রব্যগুলি শুল্ক বিভাগের কাছে দেওয়া হয়েছে। আসাম রাইফেলস থেকে এখবর জাজানো হয়েছে।

Detain of Heroin, ganja:

সিধাই থানার পুলিশ তারাপুরের কাছিম মারায় এক বাড়িতে অভিযান করে প্রচুর পরিমাণে মাদক উদ্ধার করেছে। সিধাই থানার ওসি মুঙ্গেশ পাটারি সাংবাদিকদের জানান, অভিযানে ৩৫ গ্রাম হেরোইন, দুই কিলো গাঁজা ছাড়াও ১ লক্ষ ৯০ হাজার

৭০০ টাকা উদ্ধার হয়েছে। এই ঘটনায় একজনকে গ্রেফতার করা হয়েছে।

National Games :

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের ষষ্ঠ দিনে মোট ১৩৬টি স্বর্ণপদকের ফয়সালা হয়েছে। এরমধ্যে ১৯টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে। ১৮টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক দ্বিতীয় স্থানে এবং ১৩টি স্বর্ণপদক নিয়ে মহারাষ্ট্র তৃতীয় স্থানে রয়েছে।

এদিকে, স্কোয়াশের লড়াইয়ে পুরুষ বিভাগে তামিলনাড়ুর ভেলাভান সেনথিল কুমার ও মহিলা বিভাগে গোয়ার আকাঙ্খা সালুনখে স্বর্ণপদক দখল করেন।

ব্যাডমিন্টনের চারটি বিভাগে সেমিফাইনালের লাইনআপ চূড়ান্ত হয়েছে। এই ইভেন্টে কোয়ার্টার ফাইনালের লড়াই শেষ হয়েছে।

সাঁতারে পুরুষদের ৮০০ মিটার ফ্রি-স্টাইলে দিল্লীর কুশাগ্রা রাওয়াত, মহিলাদের ৪০০ মিটার ফ্রি-স্টাইলে কর্ণাটকের ধিনিধি দেশিংহু স্বর্ণপদক পেয়েছেন।

Kajal Smriti Football:

কাজল স্মৃতি ফুটবল প্রতিযোগিতার ফাইনালে ত্রিপুরা স্পোর্টস স্কুল খেলবে টাকারজলা স্কুলের বিরুদ্ধে। আজ ডামাকান্ত মিনি স্টেডিয়ামে আসরের বিকাল সাড়ে তিনটায় ফাইনাল খেলাটি হবে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.২ ডিগ্রী সেলসিয়াস।

* * * * *

* * * * *